গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
প্রধান কার্যালয়, রাঙ্গামাটি
(www.chtdb.gov.bd)

পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর শুদ্ধাচার ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০২৩) নৈতিকতা কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী

স্থানঃ সম্মেলন কক্ষ-কর্ণফুলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

তারিখঃ ৩০/০১/২০২৩ খ্রি. তারিখ সোমবার

সময়ঃ বেলা ১২.০০ টা

সভাপতিঃ জনাব নিখিল কুমার চাকমা, চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

০২। সভায় উপস্থিত সংশ্লিষ্ট উপস্থিতি তালিকাঃ পরিশিষ্ট 'ক'

০৩। সভাপতি সভার শুরুতে নৈতিকতা কমিটির উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং গত ২৮ নভেম্বর, ২০২২খ্রি. তারিখ সোমবার অনুষ্ঠিত নৈতিকতা কমিটি ২য় সভার এজেন্ডা অনুযায়ী কার্যক্রম পরিচালনার জন্য সদস্য-বাস্তবায়ন পক্ষে বোর্ডের গবেষণা কর্মকর্তাকে অনুরোধ জানান। অতঃপর সভাপতি অনুমতিক্রমে গবেষনা কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয় এবং নিম্নে বর্ণিত আলোচনান্তে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.১ | অভিযোগ নিষ্পত্তি জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তার উপর অর্পিত দায়িত্বাবলী | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব অবহেলার দায়ে কোন অভিযোগ আছে কি না সেবিষয় বোর্ডের ভাইস চেয়ারম্যান মহোদয় জানতে চান। এর জবাবে সদস্য প্রশাসন জানান যে, কর্তৃপক্ষ বরাবর এখন পর্যন্ত কোন লিখিত অভিযোগ পাওয়া যায়নি। তবে ভবিষ্যতে সুনির্দিষ্ট কোন অভিযোগ পেলে দ্রুততার সাথে নিষ্পত্তি করার উদ্যোগ গ্রহণ করা হবে মর্মে সভাকে সদস্য প্রশাসন অবহিত করেন। | ভবিষ্যতে সুনির্দিষ্ট কোন অভিযোগ পেলে দ্রুততার সাথে নিষ্পত্তি করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। সদস্য-প্রশাসন<br>২। শাখা/অধিশাখা প্রধান (সকল)। |
| ৩.২ | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর নৈতিকতা কমিটি | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক বিগত ২১ আগষ্ট, ২০১৩ খ্রি. তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক নৈতিকতা কমিটি গঠন করা হয়েছে। তদানুযায়ী প্রতি তিন মাস অন্তর সভা আহবানের কার্যক্রম অব্যাহত রয়েছে। | নৈতিকতা কমিটি প্রতি তিন মাস অন্তর সভা আহবানের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। ফোকাল পয়েন্ট<br>২। নৈতিকতা কমিটির |
| ৩.৩ | শুদ্ধাচার ও সুশাসনের সমস্যাসমুহ চিহ্নিতকরণ ও সমাধানে আলোচনা অনুষ্ঠান | শুদ্ধাচার ও সুশাসনের প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায়সমূহ চিহ্নিত করে তার সমাধানের কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা হয়। অফিসের রুটিন দায়িত্ব ছাড়াও সেবা গ্রহীতাদের সাথে সুন্দর আচরণের মাধ্যমে দ্রুততার সাথে সেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার আহবান জানানো হয়। | অফিসের রুটিন দায়িত্ব ছাড়াও সেবা গ্রহীতাদের সাথে সুন্দর আচরণের মাধ্যমে দ্রুততার সাথে সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী (সকল) |
| ৩.৪ | দক্ষতা উন্নয়ন | সদস্য প্রশাসন বলেন যে, বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। তদানুযায়ী বিষয় ভিত্তিক বোর্ডের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীকে পর্যায়ক্রমে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের কর্মপরিকল্পনা অনুযায়ী বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। সদস্য প্রশাসন<br>২। সংশ্লিষ্ট সকল |
| ৩.৫ | কর্মকর্তা/কর্মচারীদের মূল্যায়ন ও পুরস্কার প্রদান। | বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের কর্মমূল্যায়ন যাতে যথাযথভাবে করা হয় সেদিকে লক্ষ্য রেখে সংশ্লিষ্ট সকলকে সততার সাথে দায়িত্ব কর্তব্য পালনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। চলতি অর্থবছরে ৩০ জুন, ২০২৩খ্রি. তারিখের মধ্যে বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের সম্মাননা প্রদানের কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে ভাইস চেয়ারম্যান মহোদয় সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। | চলতি অর্থবছরে ৩০ জুন, ২০২৩খ্রি. তারিখের মধ্যে কর্মকর্তা/কর্মচারীদের কাজের মূল্যায়ন স্বরূপ শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। | ১। সদস্য-প্রশাসন<br>২। বোর্ডের সংশ্লিষ্ট অধিশাখা/শাখার প্রধান (সকল)<br>৩। নৈতিকতা কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৬ | ই-গভর্নেন্স সিস্টেম উন্নয়ন। | উপপরিচালক বলেন যে, এপিএ এর কার্যক্রমের অংশ হিসেবে ই-নথি ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে মন্ত্রী পরিষদ বিভাগ ও মন্ত্রণালয়ের বাধ্যবাধ্যকতা রয়েছে। সেলক্ষ্যে ই-নথির ব্যবহারের মাধ্যমে দৈনন্দিন কার্যক্রম সম্পাদনে জোরদারকরণ করা হয়েছে এবং এ বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা অর্জনের জন্য নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে মর্মে উপপরিচালক সভাকে জানান। | এপিএ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ই-নথি ব্যবহারের কার্যক্রম জোরদারকরণ এবং কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা অর্জনের লক্ষ্যে প্রশিক্ষণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। সদস্য প্রশাসন<br>২। নৈতিকতা কমিটি |
| ৩.৭ | বাজেট বরাদ্দ | শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রশাসন বাজেটে অন্তর্ভুক্ত শুদ্ধাচার অনুকূলে বরাদ্দকৃত অর্থ নৈকিতা কমিটি যথাযথভাবে ব্যয়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে প্রশাসন বাজেটে অন্তর্ভুক্ত শুদ্ধাচার অনুকূলে বরাদ্দকৃত অর্থ নৈতিকতা কমিটি করবে। | ১। সদস্য-প্রশাসন<br>২। নৈতিকতা কমিটি |
| ৩.৮ | কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ | ২০২২-২০২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও পরিবীক্ষণ কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রতি তিন মাস অন্তর সভার কার্যবিবরণী ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | প্রতি তিন মাস অন্তর সভার কার্যবিবরণী ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। সদস্য-বাস্তবায়ন ও ফোকাল পয়েন্ট<br>২। গবেষণা কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট সকল |

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি আলোচিত ও গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণ করার অনুরোধ জানিয়ে সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/৩০/০১/২০২৩
নিখিল কুমার চাকমা
চেয়ারম্যান
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
ফোনঃ ০২৩৩৩৩৭২৫০১

স্মারক নং-২৯.৩১.০০০০.০১০.০৬.০৪৩.২১-১৬৮

তারিখঃ ১৬ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৩খ্রি.

<u>বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১। সদস্য প্রশাসন/সদস্য অর্থ/সদস্য-পরিকল্পনা, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

২। প্রকল্প পরিচালক, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলের টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪। নির্বাহী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান

৫। উপপরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা,পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

৬। জেনারেল ম্যানেজার (ভাঃপ্রাঃ), রাবার বাগান ব্যবস্থাপনা কমিটি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি

৭। গবেষণা কর্মকর্তা, বাস্তবায়ন অধিশাখা/বাজেট ও অডিট অফিসার/সমন্বয় কর্মকর্তা/তথ্য অফিসার/সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)/পরিকল্পনা কর্মকর্তা (অ:দা:), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

৮। পি এ টু ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি

৯। অফিস কপি।

স্বা/৩০/০১/২০২৩
মোহাম্মদ হারুন-অর-রশীদ
(উপসচিব)
সদস্য-বাস্তবায়ন
ও
ফোকাল পয়েন্ট
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
ফোনঃ ০২৩৩৩৩৭২৪৯৪
ই-মেইলঃ mi@chtdb.gov.bd